# পদত্যাগ নীতিমালা

## Resignation Policy

মন্ডল ইন্টিমেটস্ লিঃ এ কর্মরত কোন শ্রমিক তার প্রয়োজনে লিখিত নোটিশের মাধ্যমে পদত্যাগ করতে পারবেন। মন্ডল ইন্টিমেটস্ লিঃ বাংলাদেশ শ্রম আইন-২০০৬-২০১৯ নীতিতে বিশ্বাস করে নিন্মের পদ্বতি অনুযায়ী শ্রমিক কর্তৃক চাকরীর অবসান (Resignation) গ্রহন করেন।

বাংলাদেশ শ্রম আইন ২০০৬-২০১৯ (ধারা ২৭)ঃ (১) কোন স্থায়ী শ্রমিক মালিককে ষাট দিনের লিখিত নোটিশ প্রদান করিয়া তাহার চাকুরী হতে ইস্তেফা দিতে পারবে।

(২) কোন অস্থায়ী শ্রমিক–

(ক) মাসিক মুজরীর ভিত্তিতে নিয়োজিত শ্রমিকের ক্ষেত্রে, ত্রিশ দিনের ,

(খ) অন্য শ্রমিকের ক্ষেত্রে, চৌদ্দ দিনের,

লিখিত নোটিশ মালিকের নিকট প্রদান করিয়া তাহার চাকুরী হইতে ইস্তেফাদিতে পারিবে।

(৩) যেক্ষেত্রে শ্রমিক বিনা নোটিশে চাকুরী হইতে ইস্তফা দিতে চাহেন সে ক্ষেত্রে, ষাট,ত্রিশ,চৌদ্দ দিনের নোটিশের পরির্বতে নোটিশ মেয়াদের জন্য মজুরীর সমপরিমান অর্থ মালিককে প্রদান করলে বিনা নোটিশে চাকুরী থেকে পদত্যাগ করতে পারবে।

(৪) যে ক্ষেত্রে এই ধারার অধীন কোন স্থায়ী শ্রমিক চাকুরী হইতে ইস্তেফা দেন সে ক্ষেত্রে, মালিক উক্ত শ্রমিককে ক্ষতিপূরন হিসাবে তাহার প্রত্যেক সম্পূর্ন বৎসেরর চাকুরীর জন্য-

(ক) যদি তিনি পাঁচ বৎসর বা তদূর্ধ্ব, কিন্তু দশ বৎসরের কম মেয়াদে অবিচ্ছিন্নভাবে মালিকের অধীন চাকুরী করে থাকে তাহলে চৌদ্দ দিনের মুজরী;

(খ) যদি তিনি দশ বৎসর বা তদূর্ধ্ব সময মালিকের অধীনে অবিচ্ছিন্নভাবে চাকুরী করে থাকে তাহলে ত্রিশ দিনের মজুরী; অথবা গ্রাচুইটি যদি প্রদেয় হয় যা অধিক হবে, যা প্রদান করতে হবে।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগ | [signature] |
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | [signature] |